

Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 22 June, 2025

কুমিল্লায় একদিনে করোনাভাইরাস (কোভিড-১৯) এবং ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে দুইজনের মৃত্যু হয়েছে। করোনা ও ডেঙ্গু-উভয় রোগেই জেলার সংক্রমণ ও মৃত্যুর হার বাড়ছে বলে জানিয়েছে স্বাস্থ্য বিভাগ। জেলা সিভিল সার্জন ডা. আলী নূর মোহাম্মদ বশির আহমেদ করোনায় মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন। অন্যদিকে জেলা প্রশাসক মো. আমিরুল কায়ছার ডেঙ্গুতে মৃত্যুর খবর নিশ্চিত করেছেন।

করোনায় মৃত্যুবরণকারী ব্যক্তি জেলার বুড়িচং উপজেলার কাবিলা এলাকার বাসিন্দা। ডেঙ্গুতে মারা যাওয়া ব্যক্তি দাউদকান্দি পৌরসভার বলদাখাল এলাকার বাসিন্দা বলে জানা গেছে।

সিভিল সার্জন কার্যালয়ের রোববার (২২ জুন) রাতে প্রকাশিত তথ্যমতে, গত ২৪ ঘণ্টায় জেলায় একজন করোনায় আক্রান্ত হয়েছেন এবং একজনের মৃত্যু হয়েছে। চলতি মাসে মোট ৬৭টি পরীক্ষার মধ্যে ১২ জনের করোনা শনাক্ত হয়েছে। সংক্রমণের হার ১২ দশমিক ৫ শতাংশ।

স্বাস্থ্য বিভাগের কর্মকর্তারা জানান, এখন পর্যন্ত কুমিল্লা জেলায় সরকারিভাবে করোনা পরীক্ষা চালু হয়নি। বেসরকারি হাসপাতাল ও ক্লিনিকগুলোতেই নমুনা পরীক্ষা চলছে।

একইসঙ্গে জেলার ডেঙ্গু পরিস্থিতিও উদ্বেগজনক। সরকারি হিসাব অনুযায়ী, ২০২৪ সালে এখন পর্যন্ত কুমিল্লায় ডেঙ্গুতে আক্রান্ত হয়েছেন ২৬৪ জন। তবে স্বাস্থ্য বিভাগের বিভিন্ন সূত্র জানিয়েছে, প্রকৃত সংখ্যা এর পাঁচগুণেরও বেশি হতে পারে।

গত ২৪ ঘণ্টায় নতুন করে ১৪ জন ডেঙ্গু রোগী শনাক্ত হয়েছেন। বর্তমানে হাসপাতালে ভর্তি

আছেন ৩৩ জন। এই বছরের ডেঙ্গুতে কেবল দাউদকান্দি উপজেলাতেই মারা গেছেন ৫ জন—যাদের মধ্যে ৪ জন নারী এবং ১ জন পুরুষ।

সিভিল সার্জন ডা. বশির আহমেদ বলেন, “রোববার একদিনেই করোনা ও ডেঙ্গুতে দুইজনের মৃত্যু হয়েছে। জেলার প্রতিটি উপজেলা থেকে সংক্রমণের তথ্য সংগ্রহ করা হচ্ছে। আমরা সবাইকে স্বাস্থ্যবিধি মেনে চলার এবং মশার প্রজননস্থল ধ্বংস করার অনুরোধ জানাচ্ছি।

করোনা মৃত্যু স্বাস্থ্য অধিদপ্তর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 05:24

URL: <https://timestodaybd.com/public/national/7237113555>